# এভারকেয়ারে খালেদা জিয়া ও গুলিবিদ্ধ হাদির খোঁজ নিলেন মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার চিকিৎসার সর্বশেষ অবস্থা জানতে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে গেছেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। একই সঙ্গে সেখানে চিকিৎসাধীন গুলিবিদ্ধ ইনকিলাব মঞ্চের মুখপাত্র ও ঢাকা-৮ সংসদীয় আসনের স্বতন্ত্র প্রার্থী শরীফ ওসমান বিন হাদির শারীরিক অবস্থার খোঁজ নেন তিনি।

শুক্রবার (১২ ডিসেম্বর) রাত আনুমানিক ১১টা ২০ মিনিটে এভারকেয়ার হাসপাতালে পৌঁছান মির্জা ফখরুল। এ সময় তার সঙ্গে ছিলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন।

উল্লেখ্য, এর আগে শুক্রবার দুপুরে রাজধানীর বিজয়নগর এলাকায় মোটরসাইকেলে আসা দুই দুর্বৃত্ত শরীফ ওসমান বিন হাদিকে গুলি করে দ্রুত পালিয়ে যায়। ঘটনার পর তাকে চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি করা হয়।

LENS ASIA